

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৯ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/০২ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৫.৩৮ – সাবেক সমাজকল্যাণমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা এবং বিশিষ্ট রাজনীতিবিদ এনামুল হক মোস্তফা শহীদ গত ২৫ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইমালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর।

২। এনামুল হক মোস্তফা শহীদ তাঁর কর্মবহুল রাজনৈতিক জীবনে বাংলাদেশ আওয়ামী লীগের সঙ্গে সক্রিয়ভাবে সংযুক্ত ছিলেন। তিনি দীর্ঘদিন বাংলাদেশ আওয়ামী লীগের হবিগঞ্জ জেলার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব মোস্তফা শহীদ ভাষা আন্দোলন, ছয় দফা আন্দোলন, উনসত্তরের গণআন্দোলন ও আইয়ুব-বিরোধী আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন এবং কারাবন্দি হন। ৭১-এর মুক্তিযুদ্ধে তিনি সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং ভারতে সিএনসি বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত হন। মুক্তিযুদ্ধকালে তিনি যুব ক্যাম্পাসের পরিচালক এবং বিভিন্ন সেক্টরের বেসামরিক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন। প্রয়াত এই রাজনীতিবিদ মোট ছয়বার জাতীয় সংসদের সদস্য নির্বাচিত হন। তিনি ২০০৯-১৩ মেয়াদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে যোগ্যতার সঙ্গে দায়িত্ব পালন করেন। এছাড়া বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও উন্নয়নমূলক কর্মকাণ্ডের সঙ্গে ছিল তাঁর সক্রিয় সম্পৃক্ততা। গ্রন্থকার হিসেবেও তিনি সুপরিচিত ছিলেন।

৩। মুক্তিযুদ্ধ-ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব এনামুল হক মোস্তফা শহীদ-কে ২০১৩ সালে একুশে পদকে ভূষিত করা হয়।

(১৯২৩)

মূল্য : টাকা ৪.০০

৪। বিশিষ্ট এ নেতার মৃত্যুতে দেশ একজন বীর মুক্তিযোদ্ধা, দক্ষ সংগঠক ও দেশপ্রেমিক রাজনীতিবিদকে হারাল। রাজনৈতিক অঙ্গনে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

৫। এনামুল হক মোস্তফা শহীদে মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে ও মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ১৭ ফাল্গুন ১৪২২/২৯ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৬। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

১৭ ফাল্গুন ১৪২২

ঢাকা: -----
২৯ ফেব্রুয়ারি ২০১৬

সাবেক সমাজকল্যাণমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা এবং বিশিষ্ট রাজনীতিবিদ এনামুল হক মোস্তফা শহীদ গত ২৫ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইম্মালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর।

এনামুল হক মোস্তফা শহীদ তাঁর কর্মবহুল রাজনৈতিক জীবনে বাংলাদেশ আওয়ামী লীগের সঙ্গে সক্রিয়ভাবে সংযুক্ত ছিলেন। তিনি দীর্ঘদিন বাংলাদেশ আওয়ামী লীগের হবিগঞ্জ জেলার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব মোস্তফা শহীদ ভাষা আন্দোলন, ছয় দফা আন্দোলন, উনসত্তরের গণআন্দোলন ও আইয়ুব-বিরোধী আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন এবং কারাবন্দি হন। ৭১-এর মুক্তিযুদ্ধে তিনি সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং ভারতে সিএনসি বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত হন। মুক্তিযুদ্ধকালে তিনি যুব ক্যাম্পাসের পরিচালক এবং বিভিন্ন সেক্টরের বেসামরিক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন। প্রয়াত এই রাজনীতিবিদ মোট ছয়বার জাতীয় সংসদের সদস্য নির্বাচিত হন। তিনি ২০০৯-১৩ মেয়াদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে যোগ্যতার সঙ্গে দায়িত্ব পালন করেন। এছাড়া বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও উন্নয়নমূলক কর্মকাণ্ডের সঙ্গে ছিল তাঁর সক্রিয় সম্পৃক্ততা। গ্রন্থকার হিসেবেও তিনি সুপরিচিত ছিলেন।

মুক্তিযুদ্ধ-ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব এনামুল হক মোস্তফা শহীদ-কে ২০১৩ সালে একুশে পদকে ভূষিত করা হয়।

বিশিষ্ট এ নেতার মৃত্যুতে দেশ একজন বীর মুক্তিযোদ্ধা, দক্ষ সংগঠক ও দেশপ্রেমিক রাজনীতিবিদকে হারাল। রাজনৈতিক অজ্ঞানে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা এনামুল হক মোস্তফা শহীদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd